“তোমরা আমার সাহাবীগণকে গালমন্দ কর না। তোমাদের কেউ যদি উহুদ পর্বত পরিমাণ সোনা আল্লাহর রাস্তায় ব্যয় কর, তবুও তাদের এক মুদ বা অর্ধ মুদ-এর সমপরিমাণ সওয়াব হবে না।”

আবু সাঈদ আল-খুদরী রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেছেন: নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমরা আমার সাহাবীগণকে গালমন্দ কর না। তোমাদের কেউ
যদি উহুদ পর্বত পরিমাণ সোনা আল্লাহর রাস্তায় ব্যয় কর, তবুও তাদের এক মুদ বা অর্ধ
মুদ-এর সমপরিমাণ সওয়াব হবে না।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের, বিশেষ করে প্রথম অগ্রগামী মুহাজির ও আনসারদের গালমন্দ করতে নিষেধ করেছেন। তিনি সংবাদ দিয়েছেন যে, কেউ যদি উহুদ পাহাড়ের সমপরিমাণ স্বর্ণ ব্যয় করে, তবে তার সওয়াব কোন সাহাবীর এক মুদ খাদ্য বা তার অর্ধেক ব্যয় করার সওয়াবের সমান হবে না। মুদ হলো স্বাভাবিক গঠনের মানুষের হাতের দুই তালু ভর্তি বস্তু-; এটি তাদের অধিক ইখলাস (আন্তরিকতা), নিয়তের সততা এবং মক্কা বিজয়ের আগে তাদের ব্যয় ও যুদ্ধ করার জন্য, যেখানে এটির প্রয়োজন সবচেয়ে বেশী ছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/11000